



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৭৭৭

তারিখ: ১৩/০৫/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

ডিন নিয়োগ প্রসঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসনের ব্যাখ্যা

আজ (১৩ মে) বুধবার 'বিধিবহির্ভূত ডিন নিয়োগ' এবং 'বিধি মোতাবেক ডিন নিয়োগ হয়নি' শিরোনামে কয়েকটি অনলাইন পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে যা কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রশাসনের নজরে এসেছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের ব্যাখ্যা নিম্নরূপ:

বিজ্ঞান, কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান, প্রকৌশল, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদের ডিনগণের নিযুক্তির মেয়াদ কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন-২০০৬ (সংশোধিত আইন-২০১৩) অনুযায়ী গত ১৩/০৩/২০২৬ তারিখে শেষ হওয়ায় পূর্বে দায়িত্বরত ডিনদের পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত দায়িত্ব পালনের জন্য বলা হয়। নিয়ম অনুযায়ী ডিন নিয়োগের বিষয়টি সিডিকেটের মাধ্যমে দিতে হয় বিধায় গত ০৭/০৫/২০২৬ তারিখে অনুষ্ঠিত ১০৯ তম সিডিকেট সভায় এজেন্ডা আকারে উত্থাপিত হয় এবং সভায় একজন সুপ্রিম কোর্টের আইনজীবীর পরামর্শক্রমে পরবর্তী পদক্ষেপ নেয়ার সুপারিশ করা হয়। পরবর্তীতে প্রশাসন সিডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী একজন সুপ্রিম কোর্টের আইনজীবীর নিকট মতামতের জন্য পত্র প্রেরণ করার পাশাপাশি গত ১১/০৫/২০২৬ তারিখে আইন বিশেষজ্ঞের মতামত না আসা পর্যন্ত অন্তর্বর্তীকালীন সময়ের জন্য ৬ জন অধ্যাপককে বিভিন্ন অনুষদের ডিনের দায়িত্ব প্রদান করেন যা ১২/০৫/২০২৬ তারিখ থেকে কার্যকর।

আইন বিশেষজ্ঞের মতামত আসলে বিশ্ববিদ্যালয়ের আইনের ধারা অনুযায়ী ধারা উল্লেখ-সহ দুই বছরের জন্য প্রত্যেকটি অনুষদের ডিন নিয়োগ দেওয়া হবে। বর্তমানে এই দায়িত্ব প্রদানে বিশ্ববিদ্যালয়ের আইনের কোনো ব্যত্যয় ঘটেনি।

(মোহাম্মদ এমদাদুল হক)
ডেপুটি রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি।